দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 OCT 2007
পৃষ্ঠা ১৮, কলাম ৭

# ঢাবিতে ভুয়া ভর্তিতে কোচিং সেন্টারের ভূমিকা সম্পর্কে তদন্তের নির্দেশ

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভুয়া ছাত্র-ছাত্রী ভর্তিতে ইউসিসি কোচিং সেন্টারের মালিক ড. আব্দুল হালিম পাটোয়ারী ও তার প্রতিষ্ঠানের কোন সম্পর্ক রয়েছে কিনা তা তদন্তের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এস এম এ ফায়েজকে পাঠানো এক পত্রে শিক্ষা মন্ত্রণালয় এ নির্দেশ দেয়।

উপসচিব পারভীন বানু স্বাক্ষরিত পত্রে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসসহ অসৎ উপায় অবলম্বনের মাধ্যমে ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়ায় ইউসিসি কোচিং সেন্টারের কোন অসৎ ভূমিকা আছে কিনা, থাকলে এতে বিশ্ববিদ্যালয়ের অন্য কোন শিক্ষক বা কর্মকর্তা জড়িত কিনা এসব বিষয় তদন্ত করে ব্যবস্থা গ্রহণপূর্বক শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে তা জানাতে হবে।